

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাৎ/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১১৬-আইন/৯৮/১৭৭-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৫ এর উপ-ধারা (৪ক) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।- (ক) এই বিধিমালা ব্যবসায়ী কর্তৃক সরবরাহকৃত করযোগ্য পণ্যের মোট মূল্য নিরূপণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

(খ) ইহা জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৩৭-আইন/৯৭/১৫৪-মূসক, তারিখ ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাৎ/১২ই জুন, ১৯৯৭ ইং এ বর্ণিত পদ্ধতিতে যাহারা কর প্রদান করিবেন তাহারা ব্যতীত সকল ব্যবসায়ীর প্রতি প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমাল্য -

- (ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);
 (খ) “কমিটি” অর্থ বিধি ৩ এর উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটি;
 (গ) “কর” অর্থ আইনের অধীনে ধার্য ও প্রদেয় মূল্য সংযোজন কর;
 (ঘ) “ব্যবসায়ী” অর্থ আইনের ধারা ২ এর দফা (থ) এ সংজ্ঞায়িত ব্যবসায়ী।

৩। ঘোষণা প্রদান ও কমিটি কর্তৃক যাচাইকরণ।— (১) করযোগ্য পণ্যের কোন ব্যবসায়ী যদি উক্ত পণ্য সরবরাহ বাবদ এই বিধিমাল্য অনুযায়ী নিরূপিত মোট মূল্যের ভিত্তিতে কর প্রদান করিতে চাহেন তাহা হইলে তাহাকে এখতিয়ার সম্পন্ন বিভাগীয় কর্মকর্তার নিকট এই বিধিমাল্য সহিত সংযুক্ত ফরম-ক এ একটি ঘোষণা অর্থবৎসরের প্রথম কর মেয়াদে প্রদান করিতে হইবে এবং যে অর্থ বৎসরে উক্ত ঘোষণা প্রদান করা হইবে কেবল সেই অর্থ বৎসরের জন্য উহা কার্যকর থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন ব্যবসায়ী কর্তৃক প্রদত্ত ঘোষণা যাচাই করার উদ্দেশ্যে কমিশনার নিম্নলিখিত সদস্য সমন্বয়ে একটি কমিটি গঠন করিবেন, যথাঃ—

- (ক) সংশ্লিষ্ট এলাকার সহকারী কমিশনার, মূল্য সংযোজন কর বা ধারা ২০ এ বর্ণিত তদূর্ধ্ব পদমর্যাদার যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা - আহ্বায়ক;
 (খ) সংশ্লিষ্ট এলাকার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর প্রতিনিধি - একজন;
 (গ) সংশ্লিষ্ট এলাকার দোকান মালিক সমিতি বা এসোসিয়েশন এর প্রতিনিধি - একজন।

(৩) কমিটি ঘোষণা প্রদানকারী ব্যবসায়ীর ব্যবসা কেন্দ্রের অবস্থান, ভাড়া, আকার, কর্মচারীর সংখ্যা, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, টেলিফোন ও ফ্যাক্স সুবিধাসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনা করিয়া উহার মতামত প্রদান করিবে এবং উক্ত মতামতের ভিত্তিতে উক্ত ব্যবসায়ীর পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মোট মূল্য নিরূপিত হইবে।

৪। কর নির্ধারণ।— বিধি ৩ এর অধীন নিরূপিত পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মোট মূল্যের বিশ শতাংশ কর নিরূপণের জন্য ভিত্তি হিসাবে গণ্য হইবে।

৫। কর পরিশোধ পদ্ধতি।— (১) কমিটি কর্তৃক কোন ব্যবসায়ীর পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মোট মূল্য সম্পর্কিত মতামত পেশের সাত দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তা করের পরিমাণ নির্ধারণ করিয়া উহা আদায়ের জন্য এই বিধিমাল্য সহিত সংযুক্ত ফরম-খ এ একটি ডিম্যান্ড নোট জারী করিবেন যাহা প্রাপ্তির পনের কার্যদিবসের মধ্যে উক্ত ব্যবসায়ী উক্ত ডিম্যান্ড নোটে উল্লিখিত পরিমাণ কর এককালীন অথবা ত্রৈমাসিক সমান চার কিস্তিতে “১৪-ক-মূল্য সংযোজন কর” খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন এবং ট্রেজারী চালানোর মূলকপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান ও উহার চিত্রলিপি নিজস্ব ব্যবসায় প্রতিষ্ঠানে সংরক্ষণ করিবেন।

(২) এই বিধিমালা যাহাদের প্রতি প্রযোজ্য তাহাদের কেহ যদি বিধি ৩ এর উপ-বিধি (১) অনুযায়ী নির্ধারিত সময়ে ঘোষণা প্রদান না করেন বা করিতে ব্যর্থ হন তাহা হইলে স্থানীয় মূল্য সংযোজন কর কর্মকর্তা কিংবা বিভাগীয় কর্মকর্তা এর অনুরোধক্রমে কমিটি উক্ত ব্যক্তির পণ্য সরবরাহ বাবদ বার্ষিক মূল্য নিরূপণ করিতে পারিবে।

৬। দস্ত।— যদি কোন ব্যক্তি এই বিধিমালার কোন বিধান লংঘন করেন তাহা হইলে তিনি, আইনের অধীন তাহার বিরুদ্ধে অন্য যে কোন ব্যবস্থা গ্রহণের বিধান ক্ষুণ্ণ না করিয়া, অনধিক পঁচিশ হাজার টাকা অথবা সংশ্লিষ্ট পণ্য সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন করের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হইবে, অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত লংঘন যে পণ্য সম্পর্কিত হইবে উহা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

ফরম—ক

[বিধি ৩(১) দ্রষ্টব্য]

..... অর্থ বৎসরে ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহ বাবদ মোট মূল্য
নিরূপণের উদ্দেশ্যে ঘোষণাপত্র।

১। ব্যবসায় প্রতিষ্ঠানের -

- | | |
|-------------------------------------------------------------|---------------------------------------------------|
| (ক) নাম | : |
| (খ) ঠিকানা | : সড়ক ----- বাড়ী নং ----- থানা ----- জেলা ----- |
| (গ) টেলিফোন নম্বর | : |
| (ঘ) ফ্যাক্স নম্বর | : |
| (ঙ) বি আই এন নম্বর | : |
| [না থাকিলে মূসক অফিস একটি নম্বর প্রদান করিয়া পূরণ করিবে] | |
| (চ) ট্রেড লাইসেন্স নম্বর | : |
| (ছ) ঘরের আয়তন | : |
| (জ) ঘরে শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা আছে কি-না : | |
| (ঝ) প্রদেয় ঘর ভাড়ার পরিমাণ | : |
| (ঞ) কর্মচারীর সংখ্যা | : |

২। বিগত বৎসরের টার্নওভার [মোট সরবরাহ মূল্য] : টাকা।

৩। প্রধান যেসব পণ্য সরবরাহ করা হইয়া থাকে: [প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে]

- (১)
- (২)
- (৩)
- (৪)

৪। দোকান মালিক সমিতি/এসোসিয়েশন বা চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিজ এর সদস্য হইয়া থাকিলে উহার নাম :

তারিখ:

ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকের নাম :

স্বাক্ষর :

কমিটির ব্যবহারের জন্য

উল্লিখিত প্রতিষ্ঠানটির ----- অর্থ বৎসরের জন্য মূল্য সংযোজন কর আরোপের উদ্দেশ্যে টার্নওভারের/সরবরাহ মূল্যের পরিমাণ-----/- টাকা নিরূপণ করা হইল।

স্বাক্ষর (তারিখসহ) :

- ১। চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর প্রতিনিধি :
- ২। দোকান মালিক সমিতি/এসোসিয়েশনের প্রতিনিধি :

কমিটির আহ্বায়কের স্বাক্ষর ও তারিখ।

ঘোষণাপ্রদানকারী প্রতিষ্ঠান মেসার্স ----- BIN নম্বর -----।
 ----- অর্থ বৎসরের জন্য উক্ত প্রতিষ্ঠানের প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ -----
 /টাকায় নির্ধারণ করা হইল।

তারিখ :

[বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর ও সীল]

ফরম-খ
[বিধি ৫(১) দ্রষ্টব্য]
ডিমান্ড নোট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর
----- বিভাগ।

স্মারক নং-

তাং-

প্রথম/দ্বিতীয়/তৃতীয় কপি

মেসার্স -----

ঠিকানা -----

বি আই এন নম্বর -----

বিষয় : মূল্য সংযোজন কর পরিশোধের জন্য ডিমান্ড নোট।

আপনার ----- তারিখের ঘোষণা এবং এতদউদ্দেশ্যে গঠিত কমিটির মতামতের প্রেক্ষিতে আপনার অর্থ বৎসরের জন্য মূল্য সংযোজন করের পরিমাণ ----- টাকা নির্ধারণ করা হইয়াছে। উক্ত অর্থ এককালীন আগামী ----- দিনের মধ্যে অথবা ত্রৈমাসিক সমান চার কিস্তিতে, প্রথম কিস্তি তারিখ, দ্বিতীয় কিস্তি তারিখ, তৃতীয় কিস্তি তারিখ ও চতুর্থ কিস্তি তারিখ এর মধ্যে, “১৪-ক-মূল্য সংযোজন কর”-খাতে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ পূর্বক ট্রেজারী চালানের মূলকপি স্থানীয় মূল্য সংযোজন কর অফিস [ঠিকানা-----]-এ প্রেরণ করিবার জন্য আপনাকে অনুরোধ করা হইল। এই ডিমান্ড নোট ও ট্রেজারী চালানের একটি চিত্রলিপি আপনার ব্যবসায় প্রতিষ্ঠানে সংরক্ষণ করার জন্যও অনুরোধ করা হইল।

[বিভাগীয় কর্মকর্তার নামীয়
সীল ও স্বাক্ষর]

অনুলিপি :-

স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়

-----।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ডঃ মোঃ রফিকুল ইসলাম]

প্রথম সচিব

মুসক-নীতি নির্ধারণ ও বাজেট